



## কেন আমার শিশুর শ্রবণ পরীক্ষা (ক্রিনিং) প্রয়োজন?

আপনার শিশুর জীবনের প্রথম কয়েক সপ্তাহে কতগুলো ধারাবাহিক স্বাস্থ্য পরীক্ষা করা হবে। এদের মধ্যে একটি হবে শ্রবণহীনতার পরীক্ষা। জন্মের পর যত তাড়াতাড়ি সম্ভব শ্রবণ ক্রিনিং করা হবে।

আপনি এবং আপনার শিশু হাসপাতালে থাকাকালীন যদি ক্রিনিং করা সম্ভব না হয়, তাহলে হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর পরই, বাইরের রোগী হিসাবে অথবা আপনার স্থানীয় এলাকায় আপনার শিশুর জন্য এই ক্রিনিং করা হবে।

### কেন আমার শিশুর শ্রবণ ক্রিনিং প্রয়োজন?

জন্ম নেয়া প্রতি ১০০০ শিশুর মধ্যে একটি বা দুইটি শিশুর গুরুতর শ্রবণহীনতা থাকবে।

আপনার শিশু কতো ভালোভাবে শুনতে পারে সেটি যত দ্রুত সম্ভব জানা দরকার যাতে করে আপনি এবং আপনার শিশু সঠিক উপদেশ এবং সাহায্য পেতে পারেন। আমরা এক বছর ধরে যেভাবে কথা বলে আসছি তা শুনে শুনে শিশুরা তাদের প্রথম শব্দ বলে।

### আমার শিশুর ক্রিনিং-এ কি কি জড়িত?

আপনার শিশু যখন ঘুমে থাকবে বা নীরবে আরাম করবে তখন একজন প্রশিক্ষিত শ্রবণ ক্রিনিংর এই পরীক্ষা করবে। এই পরীক্ষাকালীন সময় আপনি আপনার শিশুর সাথে থাকতে পারেন।

পরীক্ষক আপনার শিশুর মাথায় একটি ছোট সেন্সর প্যাড লাগাবে এবং ইয়ার-ফোনের মাধ্যমে হালকা ক্লিক শব্দ শিশুর কানে প্রবেশ করাবে। সেন্সর প্যাড শব্দের প্রতি আপনার শিশুর প্রতিক্রিয়া লিপিবদ্ধ করবে।

ক্রিনিং সাধারণত শিশুকে বিচলিত করে না। ক্রিনিং সম্পূর্ণ হতে ১০-২০ মিনিটের মতো সময় লাগে।

### ফলাফল

শ্রবণ ক্রিনিং সম্পূর্ণ হওয়ার সাথে সাথে, ফলাফল আপনার কাছে ব্যাখ্যা করা হবে এবং আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য রেকর্ডে (নীল বই) লিপিবদ্ধ করা হবে।

যদি ফলাফলে দেখা যায় একটি পুনরায় ক্রিনিং-এর প্রয়োজন, তার মানে এটি মনে করার কারণ নাই যে আপনার শিশুর শ্রবণহীনতা রয়েছে। এই ফলাফলের অন্যান্য কারণ থাকতে পারে। পুনরায় ক্রিনিং প্রয়োজনের সবচেয়ে সাধারণ কারণ হলো জন্মের পর শিশুর কানে তরল বা প্রতিবন্ধকতা থাকা।

### আমার শিশুর বৃদ্ধির সাথে সাথে আমার কি করা উচিত?

শ্রবণশক্তি সব সময় একই নাও থাকতে পারে।

আপনার শিশুর কথা বলা এবং ভাষা উন্নয়নের সাথে সাথে শব্দের প্রতি তাদের সড়া পর্যবেক্ষণ করা গুরুত্বপূর্ণ।

আপনার শিশুর অগ্রগতি লক্ষ্য করার জন্য পিছনের পৃষ্ঠার চেকলিষ্ট ব্যবহার করতে পারেন।

আপনি যদি ভবিষ্যতে আপনার শিশুর শ্রবণশক্তি অথবা কথা বলা এবং ভাষা উন্নয়নে চিন্তিত হোন, দয়া করে আপনার শিশুর শ্রবণের পরীক্ষার ব্যবস্থা করবেন। আপনার শিশুর শ্রবণ পরীক্ষার যথাযথ ব্যবস্থার জন্য আপনার পারিবারিক ডাক্তারের কাছে রেফারেলের জন্য বলুন।

শ্রবণ পরীক্ষা যে কোন বয়সে করা যেতে পারে।

আরো তথ্যের জন্য নিউ সাউথ ওয়েলস্ শিশু এবং  
পরিবার-এ যোগাযোগ করুন:

টেলিফোন (02) 9391 9483

ওয়েব সাইট:

[http://www.kidsfamilies.health.nsw.gov.au/programs/  
programs-and-initiatives/swis-h/](http://www.kidsfamilies.health.nsw.gov.au/programs/programs-and-initiatives/swis-h/)

স্থানীয়ভাবে যোগাযোগ/ সাক্ষাতকারের বিবরণ



## হেয়ারিং চেকলিষ্ট

জন্ম থেকে ৩ মাস পর্যন্ত	উচ্চ শব্দে প্রতিক্রিয়া পরিচিত আওয়াজ বা শব্দে শান্ত হয়ে যাওয়া কুয়িং শব্দ করা যে কথা বলছে তার দিকে তাকিয়ে সাড়া দেয়া
৩ থেকে ৬ মাস পর্যন্ত	শব্দের দিকে চোখ এবং মাথা ফেরানো কথা বলার মতো শব্দ শুরু করা তাদের অনুভূতি দেখাতে হাসা এবং শব্দ করা
৬ থেকে ৯ মাস পর্যন্ত	বুর বুর করা, 'দাদা' 'মা-মা' 'বাবা' মনযোগ আকর্ষণের জন্য চিৎকার/বলা নিজের নাম এবং 'না' বলাতে প্রায়ই সাড়া দিবে গান গাওয়া এবং সঙ্গীতের প্রতি সাড়া দিবে
৯ থেকে ১২ মাস পর্যন্ত	অন্যদের থেকে শোনা কথা অনুকরণ করা সাধারণ শব্দ বুঝতে পারা, যেমন 'বল', 'কুকুর', 'বাবা' অল্প শব্দের দিকে মাথা ঘুরে দেখা প্রথম শব্দ বলা
১২ থেকে ১৮ মাস পর্যন্ত	প্রতি সপ্তাহে কিছু নতুন শব্দ বুঝতে পারবে সাধারণ নির্দেশ পালন করে, যেমন 'বলটি নিয়ে আসো' যখন জিজ্ঞাসা করা হবে তখন মানুষ, শরীরের অঙ্গ অথবা খেলনার দিকে দেখাবে ক্রমাগত নতুন শব্দ বলতে শিখবে যদিও তা পরিষ্কারভাবে বলবে না
১৮ থেকে ২৪ মাস পর্যন্ত	১০০ থেকে ২০০ শব্দ থাকবে যা তারা নিয়মিত ব্যবহার করে সাধারণ গল্প অথবা গান শুনবে দুই বা ততোধিক শব্দ জুড়ে ব্যবহার করবে যেমন 'আরো জুস'

নোটগুলো:

---

---

---

